

আপনি এবং আপনার সমাজ সেবা কর্মী - কি আশা করবেন

আপনি যেভাবে চান সমাজ সেবা কর্মী আপনাকে সেইভাবে জীবন যাপন করতে সাহায্য করেন

ওয়েলস এ কর্মীরা আপনাকে ভাল সেবা ও সহায়তা প্রদান করেন তা নিশ্চিত করার জন্য, সমাজ সেবা ওয়েলস (Social Care Wales) এর সমাজ সেবার জন্য একটি পেশাদারী অনুশীলন সংহিতা (Code of Professional Practice for Social Care) (সংহিতা) আছে এবং এটি কর্মীদের দলগুলিকে নিবন্ধন করে যাতে নিশ্চিত করা যায় যে তারা কাজ করার জন্য উপযুক্ত।

সংহিতাটি হল এক গুচ্ছ নিয়ম, বা মানদন্ড যা আপনাকে নিরাপদ ও ভাল রাখার জন্য পরিচর্যা পেশাজীবীদের অবশ্যই মেনে চলতে হবে। মানদন্ডগুলি কী তা এই পুস্তিকাটি আপনাকে জানতে সাহায্য করবে।

সংহিতাটি কী বলে

আপনাকে সেবা পরিচর্যা ও সহায়তা প্রদান করার জন্য, সমাজ সেবা কর্মীরা অবশ্যই:

- আপনার কাছে যা গুরুত্বপূর্ণ তা বলতে ও অর্জন করতে আপনাকে সাহায্য করবেন
- আপনার মর্যাদা, গোপনীয়তা, পছন্দ, সংস্কৃতি, ভাষা, অধিকার, বিশ্বাস, মতামত এবং ইচ্ছাকে সম্মান করবেন
- আপনাকে নিরাপদ থাকতে সহায়তা করবেন
- সৎ, বিশ্বাসযোগ্য এবং ভরসাযোগ্য হবেন
- নিজেদের কাজ যথাযথভাবে করার জন্য যোগ্যতাসম্পন্ন হবেন।



আমি সংহিতাটি কোথায় পেতে পারি?

সংহিতাটি অনলাইনে socialcare.wales/code-এ উপলভ্য
অথবা আমাদের codes@socialcare.wales-এ ইমেল করুন

কাকে সংহিতাটি মেনে চলতে হয়?

সকল সমাজ সেবা কর্মীকে সংহিতাটি অনুসরণ করতে হবে, এমন কি তাদের বর্তমানে নিবন্ধন করা প্রত্যাশিত না হলেও। যে সকল সমাজ সেবা কর্মী আমাদের সাথে নিবন্ধিত আছেন তাদেরকে সমাজ সেবার কাজ চালিয়ে যাওয়ার জন্য সংহিতাটি অবশ্যই মেনে চলতে হবে। তারা হলেন:

- প্রাপ্তবয়স্ক পরিচর্যা হোমের ম্যানেজার
- ডোমিসিলিয়ারি কেয়ার ম্যানেজার ও ডোমিসিলিয়ারি কেয়ার কর্মী
- আবাসিক চাইল্ড কেয়ার ম্যানেজার ও আবাসিক চাইল্ড কেয়ার কর্মী
- আবাসিক ফ্যামিলি সেন্টার ম্যানেজার
- সমাজ কর্মী এবং সামাজিক কাজের শিক্ষার্থী





সময়ে সময়ে অন্যান্য গোষ্ঠীগুলিও রেজিস্টারে যুক্ত হন। নিম্নলিখিত কর্মীদের আমাদের সঙ্গে নিবন্ধিত করার জন্য পরিকল্পনা আছে:

- দত্তক পরিষেবার ম্যানেজার
- প্রাপ্তবয়স্কদের পরিচর্যা গৃহকর্মী
- প্রাপ্তবয়স্কদের প্লেসমেন্ট ম্যানেজার
- শিশুদের সঙ্গে কর্মরত অ্যাডভোকেসি ম্যানেজার
- ফস্টারিং সার্ভিস ম্যানেজার
- আবাসিক ফ্যামিলি সেন্টার কর্মী।

আমাদের রেজিস্টার নিশ্চিত করে যে:

- কর্মীরা কাজের জন্য উপযুক্ত ও মানানসই
- কর্মীদের চরিত্র ভাল
- কর্মীদের যে যোগ্যতা প্রয়োজন তা তাদের আছে
- কর্মীরা পেশাদারী অনুশীলন সংহিতাটি - মেনে চলতে সম্মত আছেন।

কোনও কর্মী নিবন্ধিত আছেন কিনা তা আপনি দেখতে পারেন এখানে

www.scwonline.wales/en/search-the-register/

আপনার সমাজ সেবা কর্মী যদি সংহিতাটি মেনে কাজ না করেন তাহলে আপনি কী করতে পারেন?

1. মানদণ্ডগুলি দেখতে socialcare.wales/code-এ সংহিতাটি পড়ুন
2. আপনার পরিচর্যা কর্মীর নিয়োগকারীর সাথে আপনার উদ্বেগগুলি বিনিময় করুন এবং তারা কী করবেন তা জিজ্ঞাসা করুন
3. নিয়োগকর্তা যদি আপনার উদ্বেগগুলির সমাধান না করেন, তাহলে এর পরে কী করা যায় তা জানতে আপনি তাদের অভিযোগ প্রণালীর একটি কপি চাইতে পারেন
4. কর্মীটি যদি আমাদের সাথে নিবন্ধিত হন এবং নিয়োগকর্তার সাথে কথা বলে সাহায্য পাওয়া না যায়, তাহলে আমাদের অনুশীলন করার যোগ্যতা (Fitness to Practise) দলকে ftp@socialcare.wales এ ইমেল করুন এবং তারা আপনার পছন্দের ওপরে নির্ভর করে ফোন বা ইমেলের মাধ্যমে আপনাকে উত্তর দেবেন।

আপনি যদি কোনও কোম্পানি বা সংস্থা দ্বারা প্রদত্ত পরিচর্যার মানদণ্ড সম্বন্ধে উদ্ভিগ্ন হন, তাহলে আপনি কেয়ার ইনস্পেক্টরেট ওয়েলস (Care Inspectorate Wales) এর সঙ্গে 0300 7900 126 বা ciw@gov.wales এ যোগাযোগ করতে পারেন অথবা এর ওয়েবসাইটটি careinspectorate.wales এ দেখতে পারেন

